

দৈনিক স্বাধীনতা পত্রিকা - ১৭/১১/১৯৫৮ (৫২)

রাজস্ব বোর্ড ও এলটিইউ : বিকল্প পথে ছাড় না ব্রিটিশ আমেরিকান টোবাকোর ১৯০০ কোটি টাকার রাজস্ব ফাঁকি

অর্থনৈতিক প্রতিবেদক >

ভ্যাট ফাঁকির ঘাপলা আদালতের বাইরে মিটিয়ে ফেলতে উঠেপড়ে লেগেছে ব্রিটিশ আমেরিকান টোবাকো কোম্পানি বাংলাদেশ। এ ব্যাপারে ঢাকাস্থ ব্রিটিশ পররাষ্ট্র দফতর তাদের পক্ষে জোর লবিং চালাচ্ছে।

ব্রিটেনের এই বহুজাতিক

কোম্পানিটি গত জুলাইয়ে জাতীয়

রাজস্ব বোর্ডের (এনবিআর) বৃহৎ

করদাতা ইউনিটকে লেখা এক চিঠিতে বিকল্প বিরোধ

নিষ্পত্তি পদ্ধতিতে ১৯২৪ কোটি টাকা ভ্যাট ফাঁকি বিতর্ক

অবসানের অগ্রহ প্রকাশ করে।

এরই ধারাবাহিকতায় ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার

আলিসন ব্লেকও গত মাসের শুরু দিকে একটি চিঠি দেন

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের কাছে।

ওই চিঠিতে তিনি বলেন, আপনি আদালতের বাইরে

একটি বন্দোবস্তে পৌঁছতে এনবিআরকে আইনমন্ত্রী ও

এটর্নি জেনারেলের সঙ্গে বৈঠকের পরামর্শ দিয়েছিলেন।

বৈঠকটি হয়নি। কিন্তু বিকল্প বিরোধ নিষ্পত্তি সবসময়ই

আদালতের চেয়ে কম আনুষ্ঠানিক। সময় কম লাগে।

খরচও কম। যদিও এনবিআর এর পক্ষে থেকে জানানো

হয়, এ বিষয়ে সুপ্রিম কোর্টে মামলা

চলমান থাকায় তাদের পক্ষে কিছু

করা সম্ভব নয়। এ প্রসঙ্গে বৃহৎ

করদাতা ইউনিটের কমিশনার মো. মতিউর রহমান বলেন,

বিকল্প বিরোধ নিষ্পত্তির মাধ্যমে আদালতের বাইরে

কোনো বন্দোবস্ত করা এখন সম্ভবই নয়।

এনবিআর চেয়ারম্যান নজিবুর রহমানও বলেন, বিষয়টি

বিচারাধীন। তাই আইনের মাধ্যমেই এর নিষ্পত্তি হবে।

তবে বিএটিবি প্রতি বছর সরকারকে মোটা আঙ্কের কর

দেয় বলেও স্মরণ করিয়ে দেন তিনি।

মন্ত্রণালয়ে তদবির

সৈয়দ এ. মুন্সেরা

সমসংযোগ কর্মকর্তা

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।